

মার্চ ২০১৭


নং - আইএস-৪/অফিস আদেশ/৯৯/৩ (৫০ ৪ (৩৩))

তারিখ : ১২/৪/২০০৭

জরুরী নৌ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল যাত্রীবাহী নৌযানের মালিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নৌ দুর্ঘটনায় যাত্রীদের মৃত্যু হার সহনীয় পর্যায়ে রাখতে এখন থেকে প্রতিটি যাত্রীবাহী নৌযানে প্রত্যয়নকৃত সর্বোচ্চ যাত্রী সংখ্যার বিপরীতে ৪জন যাত্রীর জন্য ১টি বয়া অর্থাৎ ৪ : ১ অনুপাতে লাইফ বয়া নৌযানে রাখার বিধান করা হয়েছে। যে সকল যাত্রীবাহী নৌযানের ইতিমধ্যে সার্ভে সম্পন্ন হয়েছে সে সকল যাত্রীবাহী নৌযান মালিকগণকে অনতিবিলম্বে তাদের নৌ যানে ৪ : ১ অনুপাতে লাইফ বয়া এমনভাবে রাখার ব্যবস্থা করতে হবে যেন প্রয়োজন মুহুর্তে যাত্রীরা ব্যবহার করতে পারে। এ আদেশ অমান্যকারীদের অভ্যন্তরীণ নৌ চলাচল অধ্যাদেশ ১৯৭৬ এর সংশ্লিষ্ট ধারা মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ১লা মে ২০০৭ তারিখ থেকে কার্যকর হবে।


(এ কে এম আব্দুল হক)
কমান্ডার, বিএন
শীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার

সংক্রান্ত কার্য গ্রহণার্থে

১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ঢাকা।

আপনার সংস্থার সংশ্লিষ্ট সকলকে বিজ্ঞপ্তির বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিতে অনুরোধ করা হলো।

২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ৫ দিলকুশা বা/এ, ঢাকা।

আলোচ্য বিজ্ঞপ্তি বিআইডব্লিউটিসির সকল ফেরীর জন্য প্রযোজ্য বিষয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করার হলো।

৩। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, ঢাকা/নারায়নগঞ্জ/বরিশাল/খুলনা।

সার্ভেকালীন সময়ে উপরোক্ত বিজ্ঞপ্তি মোতাবেক বয়র সংখ্যা নির্ধারণ করে নৌযানে রাখা নিশ্চিত করতঃ ঘোষণাপত্র প্রেরণের জন্য বলা হলো।

৪। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌ বাণিজ্য অধিদপ্তর, চট্টগ্রাম।

৫। বিজ্ঞ ম্যাজিস্ট্রেট, মেরিন কোর্ট, সমুদ্র পরিবহন অধিদপ্তর, ঢাকা।

৬। স্পেশাল অফিসার মেরিন সেফটি ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট, সমুদ্র পরিবহন অধিদপ্তর, ঢাকা।

৭। পরিদর্শক, অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়, ঢাকা/নারায়নগঞ্জ/চাঁদপুর/বরিশাল/খুলনা/চট্টগ্রাম।

৪ : ১ অনুপাতে নৌযানে লাইফ বয়া যথাযথস্থানে রাখা হয়েছে কিনা নিশ্চিত করবেন।

৮। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল(যাপ) সংস্থা, ১৪ পুরানা পল্টন (ফোর্থ ফ্লোর), দারুস সালাম আর্কেড, ঢাকা-১০০০

৯। চেয়ারম্যান, লঞ্চ মালিক সমিতি, টার্মিনাল ভবন (২য় তলা), সদরঘাট, ঢাকা।

১০। সভাপতি, বাংলাদেশ নৌযান শ্রমিক ফেডারেশন, ৩১/৩২ পি.কে. রায় রোড, বাংলাদেশজার, ঢাকা।

আপনাদের সমিতিভুক্ত সকল যাত্রীবাহী নৌযানের মালিক ও মাস্টারদেরকে বিজ্ঞপ্তির কপি সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি ৪ সদয় অবগতির জন্য -

১। সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।